
# যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর

# (আরজেএসসি)

# এ-চালান এ আরজেএসসি-র ফি



## অটোমেটেড চালান (এ-চালান) সিস্টেম কি?




এ-চালান সিস্টেম একটি ইন্টারনেট/ওয়েব ভিত্তিক Payment gateway যার মাধ্যমে সরকারি রাজস্ব সরাসরি ট্রেজারীতে (Treasury Single Account) জমা প্রদান এবং স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুতকৃত চালান তাৎক্ষণিকভাবে গ্রহণ করা যায়।



# এ-চালান সিস্টেম এর উদ্দেশ্য

- ❖ সরকারি কোষাগারে সরকারের রাজস্ব তাৎক্ষণিকভাবে জমাকরণ।
- ❖ ভূয়া (Fake) চালান রোধকরণ।
- ❖ বাংলাদেশ ব্যাংক এবং হিসাবরক্ষণ কার্যালয়ের সাথে স্বয়ংক্রিয়ভাবে সমন্বয়সাধন (Reconciliation) নিশ্চিতকরণ।
- ❖ যে কোন সময় যে কোন জায়গা থেকে সরকারের রাজস্ব জমা দেওয়ার জন্য নাগরিক-বান্ধব অনলাইন সিস্টেম নিশ্চিতকরণ।
- ❖ প্রতিদিন সরকারের প্রকৃত ব্যালেন্স জানা এবং ব্যাংক থেকে অপ্রয়োজনীয় ঋণ গ্রহণ এড়িয়ে চলা।
- ❖ সরকারের রাজস্ব বাড়ানো এবং আর্থিক খাতে শৃঙ্খলা প্রতিষ্ঠা করা।



## এ-চালানে পেমেন্ট পদ্ধতি

### ব্যাংক শাখায়

বাংলাদেশ ব্যাংকসহ সকল বাণিজ্যিক ব্যাংকের সকল শাখায় এ-চালান সিস্টেম ব্যবহার করে সরকারি রাজস্ব ও সেবা ফি'র অর্থ জমা করা যায়।

### ইন্টারনেট ব্যাংকিং

সরকারি ও বেসরকারিসহ মোট ৩৪ টি ব্যাংকের ইন্টারনেট ব্যাংকিং সুবিধা ব্যবহার করে এ-চালান সিস্টেমের মাধ্যমে সরকারি রাজস্ব ও সেবা ফি'র অর্থ জমা করা যায়। পর্যায়ক্রমে সকল ইন্টারনেট ব্যাংকিং সুবিধাসম্পন্ন ব্যাংককে এ-চালান ব্যবহার নিশ্চিত করা হবে।

### ডেবিট/ক্রেডিট কার্ড


ডেবিট/ক্রেডিট (VISA, Mastercard, Amex ও Nexus) কার্ড এর মাধ্যমে এ-চালান সিস্টেম ব্যবহার করে সরকারি রাজস্ব ও সেবা ফি'র অর্থ জমা করা যায়।

### মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস)

রকেট/বিকাশ/নগদ/উপায়/টেপ, ওকে ওয়ালেট ইত্যাদির মাধ্যমে এ-চালান সিস্টেম ব্যবহার করে সরকারি রাজস্ব ও সেবা ফি'র অর্থ জমা করা যায়।




# এ-চালানের মাধ্যমে আরজেএসসি’র ফি প্রদানের প্রোসেস ফ্লো ডায়াগ্রাম






- **আরজেএসসি ই-সেবা সিস্টেমে আবেদন / রিটার্নস দাখিল করার পর Acknowledgement পেইজ পাবেন।**
- **পেমেন্ট অপশন সিলেক্ট করুনঃ**
  **১। অনলাইন ব্যাংকিং**
  **২। ব্যাংক কাউন্টারে জমা**



Government OF THE People's Republic OF Bangladesh
**Office OF THE Registrar OF Joint Stock Companies AND Firms**

**Acknowledgement**

Thank you. Your online submission has been done successfully. Your submission and payment references are as under :

| | |
|---|---|
| Filing By | : [redacted] |
| Submission NO. | : 2026313055 |
| Submission Date | : Jan 20, 2026 09:31 AM |
| Entity Name | : **Fi** [redacted] |
| Entity Type | : Company |
| Submission FOR | : Name Clearance |
| Registration Office | : Dhaka |
| Name Clearance Fee (BDT) | : 500.00 |
| Total Payable Amount (BDT) | : 500.00 |
| VAT 15% (BDT) | : 75.00 |
| Payment Status | : Unpaid |
| Payment Date | : |
| Payment Mode | : |

**Select Payment Method**

Payment Method
Payment Method
A-Challan
Bank

বিঃদ্রঃ


১। এ পরিদপ্তরের সকল ফিস, ভ্যাট ও স্ট্যাম্প ডিউটি শুধমাত্র আরজেএসসি'র অনলাইন সিস্টেমের নির্ধারিত পদ্ধতিতে এ-চালানে জমা প্রদান করতে হবে। আরজেএসসি’র অনলাইন সিস্টেমের মাধ্যম ব্যাতিত সরাসরি এ-চালান সিস্টেমে সেবার ফি জমা করা হলে সেবা প্রাপ্তিতে সমসা হতে পারে।

২। রিটার্ন দাখিলের ক্ষেত্রে ফিস প্রদানের দিনই উক্ত রিটার্নের হার্ডকপি আরজেএসসি'র কাউন্টারে দাখিল করতে হবে। অন্যথায় আইন অনুযায়ী উক্ত রিটার্নের ফিস বৃদ্ধি বা পরিবর্তন হলে এ পরিদপ্তর কর্তৃক হার্ডকপি গ্রহণ করা সম্ভব হবে না।



- পেমেন্ট অপশন সিলেক্ট করার পর ডান দিকের চিত্রে প্রদর্শিত ছকে তথ্যগুলো পূরণ করে “Click to Pay with A-Challan” বাটনে ক্লিক করুন।

  বিঃদ্রঃ এখানে ভুল তথ্য দিলে সেবা প্রাপ্তিতে সমসা হতে পারে।







- চিত্রে প্রদর্শিত অপশন (ইন্টারনেট ব্যাংকিং/ মোবাইল ব্যাংকিং/কার্ড পেমেন্ট) থেকে আপনার পছন্দের পেমেন্ট পদ্ধতি ও সংশ্লিষ্ট মাধ্যম বাছাই করুন।

- “SAVE & CONTINUE” বাটনে ক্লিক করুন ও পরবর্তী নির্দেশনা অনুযায়ী পেমেন্ট সম্পন্ন করুন।

- পেমেন্ট সম্পন্ন হলে আপনি একটি চালান কপি পাবেন, এটি সংরক্ষণ করুন।




- পরবর্তীতে এ-চালান সিস্টেমে ( https://challanverification.finance.gov.bd/echalan/ ) চালানটি যাচাই করা যাবে।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
**যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর**
**প্রশাসন- ২ শাখা**
টিসিবি ভবন (৭ম তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা।
www.roc.gov.bd

স্মারক নম্বর: ২৬.০৬.০০০০.০০২.০১.০৭২.১৯. ৩২ তারিখ: ১লা মাঘ ১৪৩২ / ১৫ জানুয়ারি ২০২৬

**পরিপত্র**

**বিষয়: গ্রাহকসেবা সহজিকরণের লক্ষ্যে এ পরিদপ্তরের সকল রাজস্ব (ফিস, ভ্যাট ও স্ট্যাম্প ডিউটি) এ-চালানে প্রদান সংক্রান্ত।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাচ্ছে যে, গ্রাহকসেবা সহজিকরণের লক্ষ্যে সরকারী সিদ্ধান্ত অনুযায়ী এ পরিদপ্তরের সরকারী সকল রাজস্ব (ফিস, ভ্যাট ও স্ট্যাম্প ডিউটি) এ-চালানের মাধ্যমে সরাসরি ট্রেজারিতে জমা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

০২। এতদউদ্দেশ্যে এ পরিদপ্তরের সকল ফিস, ভ্যাট ও স্ট্যাম্প ডিউটি শুধমাত্র আরজেএসসি'র অনলাইন সিস্টেমের নির্ধারিত পদ্ধতিতে এ-চালানে জমা প্রদান করতে হবে।

০৩। বিদ্যমান পদ্ধতিতে ফিস প্রদানের জন্য নির্ধারিত ব্যাংক, বিকাশ, নগদ এবং পেমেন্ট গেটওয়ের মাধ্যমে রাজস্ব গ্রহণের ব্যবস্থা আগামী ৩১.০১.২০২৬ তারিখ পর্যন্ত বহাল থাকবে। উক্ত তারিখের পরে এ সকল মাধ্যমে কোন রাজস্ব গ্রহণ করা হবে না।

০৪। উল্লেখ্য, রিটার্ন দাখিলের ক্ষেত্রে রাজস্ব প্রদানের দিনই উক্ত রিটার্নের হার্ডকপি আরজেএসসি'র কাউন্টারে দাখিল করতে হবে। অন্যথায় আইন অনুযায়ী উক্ত রিটার্নের রাজস্ব বৃদ্ধি বা পরিবর্তন হলে এ পরিদপ্তর কর্তৃক হার্ডকপি গ্রহণ করা সম্ভব হবে না।

০৫। এ-চালানে রাজস্ব জমা প্রদান সংক্রান্ত গাইডলাইন এ পরিদপ্তরের ওয়েবসাইট (www.roc.gov.bd) এ পাওয়া যাবে।

০৬। ইহা অবিলম্বে কার্যকর হবে।

১৫/০১/২০২৬
**এ. কে. এম. নুরুন্নবী কবির**
নিবন্ধক (অতিরিক্ত সচিব)
ফোন: +৮৮ ০২ ৫৫০১৩৭৭৬
registrar@roc.gov.bd

বিতরণঃ অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
২. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ই-৬/বি আগারগাও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।
৩. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ. আ. উপসচিব, বাজেট অধিশাখা]।
৪. সচিব, অর্থ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ. আ. সিনিয়র সহকারী সচিব, এনটিআর-২]।
৫. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, মোনেম বিজনেস ডিস্ট্রিক্ট, ১১১ বীর উত্তম সি.আর.দত্ত রোড, ঢাকা।
৬. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, বেপজা কমপ্লেক্স, বাড়ি#১৯/ডি, রোড#৬, ধানমন্ডি, ঢাকা-১২০৫।
৭. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাও, শেরেবাংলা নগর, ঢাকা।
৮. মহাপরিচালক, বাণিজ্য সংগঠন, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সিস্টেম এনালিস্ট, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বাণিজ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. কমিশনার, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), আইডিইবি ভবন, ৪র্থ ও ৫ম তলা, ১৬০/এ কাকরাইল ঢাকা-১০০০ [দৃ. আ. রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, কারওয়ান বাজার সার্কেল]।

F:\পরিপত্র\১৬। পরিপত্র_১২.০১.২০২৬.doc

CS CamScanner

১১. সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই), ৬০ মতিঝিল, ঢাকা।
১২. সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), ঢাকা চেম্বার ভবন, ৬৫-৬৬ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
১৩. সভাপতি, বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ি#৭/৭এ, সেক্টর#১৭, ব্লক#এইচ-১, উত্তরা, ঢাকা-১২৩০।
১৪. সভাপতি, বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিকেএমইএ), প্ল্যানার্স টাওয়ার (চতুর্থ ফ্লোর), ১৩/এ, সোনারগাঁও রোড, বাংলামোটর, ঢাকা-১০০০।
১৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, দি ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্টেন্টস অব বাংলাদেশ (আইসিএসবি), সিএ ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১২১৫।
১৬. প্রেসিডেন্ট, দি ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি) ১০০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
১৭. প্রেসিডেন্ট, দি ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস্ অব বাংলাদেশ (আইসিএমএবি), আইসিএমএ ভবন, নীলক্ষেত, ঢাকা-১২০৫।
১৮. ব্যবস্থাপনা পরিচালক, ওয়ান ব্যাংক পিএলসি, ৪৬ কারওয়ান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১৫।
১৯. ব্যবস্থাপনা পরিচালক, সিটি ব্যাংক পিএলসি, সিটি ব্যাংক সেন্টার, প্লট: এসই(ডি)-৩, ২৮ গুলশান এভিনিউ, গুলশান-১, ঢাকা-১২১২।
২০. ব্যবস্থাপনা পরিচালক, ইস্টার্ন ব্যাংক পিএলসি, ১০০ গুলশান এভিনিউ, ঢাকা-১২১২।
২১. ব্যবস্থাপনা পরিচালক, নগদ লিঃ, ডেল্টা ডালিয়া টাওয়ার (লেভেল ১৩ এবং ১৪), ৩৬ কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা-১২১৩ (দৃ: আ: জনাব শিহাব উদ্দীন চৌধুরী, চিফ সেলস্ অফিসার, নগদ লিঃ)।
২২. ভাইস প্রেসিডেন্ট, বিজনেস ডেভেলপমেন্ট, বাণিজ্যিক বিভাগ, বিকাশ লিমিটেড, স্বাধীনতা টাওয়ার, ১ বীর শ্রেষ্ঠ শহীদ জাহাঙ্গীর গেট, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬।
২৩. অতিরিক্ত নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন (৭ম তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা।
২৪. উপনিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা।
২৫. সহকারী নিবন্ধক (সকল), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন (৭ম তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা।
২৬. সহকারী নিবন্ধক, আইসিটি শাখা, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন (৭ম তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা (ওয়েবসাইটে ও আবেদন দাখিল ওয়েব পেইজে প্রকাশের জন্য)।
২৭. এক্সামিনার অব একাউন্টস/ইন্সপেক্টর, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা, রাজশাহী, খুলনা, চট্টগ্রাম।
২৮. কম্পিউটার অপারেটর (সকল), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা, খুলনা, চট্টগ্রাম, রাজশাহী।
২৯. উচ্চমান সহকারী (সকল), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর।
৩০. একাউন্টেন্ট (সকল), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা।
৩১. অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (সকল), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা।
৩২. নিবন্ধকের ব্যক্তিগত সহকারী, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন (৭ম তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা।
৩৩. নোটিশ বোর্ড।
৩৪. অফিস কপি।



CamScanner